

ভালবাসার চিঠি

কাইউম পারভেজ

তোমাকে ভালবাসি সেই কবে থেকে
অথচ তোমাকে কোনভাবেই বলা হয় না।

কত নিঘুম রাত কেটে গেছে
গোলাপ কিনে এনেছি বালিশের পাশেই তা শুকিয়ে গেছে
তোমাকে বলতে পারিনি কত্তো ভালবাসি।

একদিন সেই বিনীত রজনী যখন মনে মনে
তোমার সাথেই কইছি কথা – ভাবলাম
এ কথাটাই তোমাকে তবে লিখে জানাবো।

ভোরের আলো ফুটতেই আমি তোমাকে লিখে ফেললাম
আমার মায়ের ভাষায়। আহা কি যে শান্তি এই পোড়া মনটাতে।
সালাম রফিকউদ্দীন জব্বার আবুল বরকত
ইচ্ছে হচ্ছে তোমাদেরকেও লিখি একটা চিঠি – ভালবাসার চিঠি
তোমরা সেদিন প্রাণ দিলে বলেই আমার প্রেমের চিঠিখানি
তাকে পৌঁছাতে পেরেছিলাম।

আমি আজো লিখি
আমার মায়ের ভাষায় -
প্রেমের চিঠি - ভালবাসার চিঠি
দাপ্তরিক চিঠি আইনের চিঠি
চাওয়া পাওয়ার চিঠি
সময়ের চিঠি – কালের চিঠি।
আমার ভাললাগার চিঠি – আমার প্রতিবাদের চিঠি।

আমি আজো তোমায় ভালবাসি
আজো ভালবাসি
সালাম রফিকউদ্দীন জব্বার আবুল বরকত –
কৃষ্ণচূড়ার থোকায় থোকায় বিষন্ন নাম।
জ্বলে আছে – মিনার থেকে মিনারে।